# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৬৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. তৃতীয় অনুচ্ছেদ - জুমু‘আর সালাত

আরবী

وَرَوَى أَحْمَدُ عَنْ سَعْدِ بْنِ عُبَادَةَ: أَنَّ رَجُلًا مِنَ الْأَنْصَارِ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَخْبِرْنَا عَنْ يَوْمِ الْجُمُعَةِ مَاذَا فِيهِ مِنَ الْخَيْرِ؟ قَالَ: «فِيهِ خَمْسُ خلال» وسَاق الحَدِيث

বাংলা

১৩৬৪-[১১] ইমাম আহমাদ সা’দ ইবনু ’উবাদাহ্ থেকে এভাবে নকল করেছেন যে, আনসারদের এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললেন, আমাকে জুমু’আর দিন সম্পর্কে বলুন। এতে কি আছে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ এতে পাঁচটি বৈশিষ্ট্য রয়েছে। (বাকী হাদীস বর্ণনা পূর্ববৎ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ২২৪৫৭, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ৩৭২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَرَوى أَحْمَدُ عَنْ سَعْدِ بْنِ مُعَاذ) মিরকাতসহ অন্যান্য গ্রন্থের মাতানেও অনুরূপ রয়েছে এবং কোন কোন নুসখাতে سعيد بن معاذ (সা‘ঈদ ইবনু মু‘আয) রয়েছে। তবে উভয় নুসখাতে ভুল রয়েছে, কারণ বর্ণনায় এমন কেউ নেই যার নাম سعيد بن معاذ (সা‘ঈদ ইবনু মু‘আয), আর এ হাদীসেও سَعْدِ بْنِ مُعَاذ (সা‘দ ইবনু মু‘আয) নামক কোন রাবী নেই। বরং সানাদে যিনি রয়েছেন, তিনি সা‘দ ইবনু ‘উবাদাহ্। সুতরাং সঠিক হলো সা‘দ ইবনু ‘উবাদাহ্। যেমন- মুসনাদে আহমাদ (৫ম খন্ড, ২৮৪ পৃষ্ঠা), মাজমাউয্ যাওয়ায়িদ (২য় খন্ড, ১৬৩ পৃঃ), আত্ তারগীব (১ম খন্ড, ২১৪ পৃঃ), ফাতহুল বারী (৪র্থ খন্ড, ৫০৩ পৃঃ)-এ উল্লেখ রয়েছে।

মুনযির (রহঃ) আবী লুবাবাহ্ (রাঃ)-এর হাদীস উল্লেখ করার পর সানাদ সম্পর্কে বলেন, সুনান ইবনু মাজাহ্ ও আহমাদ-এ বর্ণিত রয়েছে এবং বাযযার (রহঃ) বর্ণনা করেছেন, ‘আবদুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু ‘উক্বায়ল (রহঃ)-

এর সূত্রে সা‘দ ইবনু ‘উবাদাহ্ (রাঃ)-এর বর্ণিত হাদীস। আর অবশিষ্ট রাবীগুলো শক্তিশালী (নির্ভরযোগ্য) ও প্রসিদ্ধ।

(مَاذَا فِيهِ مِنَ الْخَيْرِ) আল্লামা ত্বীবী (রহঃ) বলেন যে, এটি প্রমাণ করে যে, এ বৈশিষ্ট্যগুলো অত্যন্ত মর্যাদাকর যা জুমু‘আর দিনের ফাযীলাতকে আবশ্যক করে।

প্রকাশ থাকে যে, এখানে পাঁচ বৈশিষ্ট্য দ্বারা পাঁচে সীমাবদ্ধতা উদ্দেশ্য নয়। কারণ ইবনুল ক্বইয়্যূম (রহঃ)-এর আলোচনা অতিবাহিত হয়েছে এবং তিনি উল্লেখ করেছেন যে, يَوْمَ الْجُمُعَةِ বা জুমু‘আর দিনের ৩৩টি বৈশিষ্ট্য রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55924

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন